# জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

প্রধান কার্যালয়, ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৩.১৯.৯০০১.০০৩.০০.০০০.২০২২- ৮৪

তারিখ : ২০ চৈত্র ১৪২৮ / ০৩ এপ্রিল ২০২২

বিষয়: তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি এর ৩য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : জনাব আবু হেনা মোঃ মোস্তফা কামাল, জেনারেল ম্যানেজার-উন্নয়ন, গ্রুপ ও টিএ, জীবীক |
| স্থান | : কমিটির আহবায়কের দপ্তর (৩য় তলা, প্রধান কার্যালয়, জীবন বীমা কর্পোরেশন, ঢাকা) |
| তারিখ ও সময় | : ২৯-০৩-২০২২ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

২.০ সভাপতি সভার শুরুতেই সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন, সরকার বিভিন্ন অফিসের তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে। তিনি তথ্যের অবাধ সরবরাহের মাধ্যমে তৃণমূল পর্যায়ে বীমার বিস্তৃতি, জনসম্পৃক্ততা তথা জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে বীমা সুবিধা জনসাধারণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার জন্যও গুরুত্ব আরোপ করেন। এ প্রেক্ষিতে তথ্য অধিকার আইন-২০০৯ এবং অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা-২০১০ অনুযায়ী জীবন বীমা কর্পোরেশনের জানুয়ারি-মার্চ/২০২২ মাসের তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতকল্পে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় যা নিম্নরূপ:

| ক্রমিক | বিষয়বস্তু | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|
| ১ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান | এ সংক্রান্ত বিষয়ে কমিটির সদস্য ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব শেখ খায়েরুজজামান, সহকারী জেনারেল ম্যানেজার-উন্নয়ন এবং বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব ইসমত আরা আহমেদ, ম্যানেজার-জনসংযোগ জানান, জানুয়ারি-মার্চ/২০২২ মাসে দেশের কোন নাগরিকের নিকট হতে কোন তথ্য চেয়ে আবেদন পাওয়া যায় নাই।<br>**সিদ্ধান্ত:** শূণ্য প্রতিবেদন এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করা যায়। | জনসংযোগ বিভাগ |
| ২ | [১.২] স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | এ সংক্রান্ত বিষয়ে সভা অবহিত হয় জীবন বীমা কর্পোরেশনের বিভিন্ন বিভাগের চাহিদাপত্র অনুযায়ী আইসিটি ডিভিশন স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করে থাকে।<br>**সিদ্ধান্ত:** আইসিটি ডিভিশন হতে জানুয়ারি-মার্চ/২০২২ মাসের প্রতিবেদন সংগ্রহ করে এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করা যায়। | আইসিটি ডিভিশন |
| ৩ | [১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | কর্পোরেশনের ২০২০ সনের বার্ষিক প্রতিবেদন গত ১৩-০১-২০২২ খ্রি: তারিখে অনুমোদনের পর গত ১৫-০২-২০২২ খ্রি: তারিখে কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।<br>**সিদ্ধান্ত:** আইসিটি ডিভিশন হতে কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশিত বার্ষিক প্রতিবেদন এর স্ক্রীনশট সংগ্রহ করে এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করা যায়। | হিসাব ও অর্থ ডিভিশন এবং আইসিটি ডিভিশন |
| ৪ | [১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণ | কর্পোরেশনের যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণ প্রক্রিয়াধীন রয়েছে। তবে ইতিমধ্যে বীমা দাবী পরিশোধ সংক্রান্ত তথ্য কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।<br>**সিদ্ধান্ত:** আইসিটি ডিভিশন হতে কর্পোরেশনের | জনসংযোগ বিভাগ এবং আইসিটি ডিভিশন |

| | | | |
|---|---|---|---|
| | | ওয়েবসাইটে প্রকাশিত বীমা দাবী পরিশোধ সংক্রান্ত তথ্যের স্ক্রীনশট সংগ্রহ করে এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করা যায়। | |
| ৫ | [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | এ বিষয় সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণকল্পে পত্র পত্রিকায় বিজ্ঞাপন ও প্রেস রিরিজ প্রকাশের ব্যবস্থা নেয়া হয়েছে, যা আরো বৃদ্ধি করা প্রযোজন। **সিদ্ধান্ত:** জনসংযোগ বিভাগ হতে জানুয়ারি-মার্চ/২০২২ মাসের প্রতিবেদন সংগ্রহ করে এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করা যায়। | জনসংযোগ বিভাগ, প্রশিক্ষণ বিভাগ এবং আইসিটি ডিভিশন |
| ৬ | [১.৬] তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন | তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন করা হয় নাই, তবে যথাশীঘ্র প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। **সিদ্ধান্ত:** প্রশিক্ষণ বিভাগ হতে জানুয়ারি-মার্চ/২০২২ মাসের প্রতিবেদন সংগ্রহ করে এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করা যায়। এছাড়া পরবর্তীতে সকল প্রশিক্ষণে তথ্য অধিকার আইন বিষয়ক মডিউল সংযোজন করতে হবে। | প্রশিক্ষণ বিভাগ |

কমিটির আহবায়ক মহোদয় বলেন, কর্পোরেশনের সম্মানিত বীমাগ্রাহক ও সম্ভাব্য বীমাগ্রাহক তথা দেশের জনসাধারণের স্বার্থকে অগ্রাধিকার দিয়ে সরকারের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে তথ্যের অবাধ সরবরাহের এই মহান কাজটি আমরা সবাই করে যাবো। পরবর্তী সভার পূর্বেই আমরা কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হবো এ আশা রেখেই সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/০৪/২০২২

**(আবু হেনা মোঃ মোস্তফা কামাল)**
জেনারেল ম্যানেজার-উন্নয়ন, গ্রুপ ও টিএ
ও
আহবায়ক-তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

**স্মারক নম্বর:** ৫৩.১৯.৯০০১.০০৩.০১.০০০.২০২২-

**তারিখ :** ২০ চৈত্র ১৪২৮ / ০৩ এপ্রিল ২০২২

**বিতরণ:**

০১। জেনারেল ম্যানেজার-উন্নয়ন, প্রধান কার্যালয়, ঢাকা। — আহবায়ক
০২। সহকারী জেনারেল ম্যানেজার-উন্নয়ন, প্রধান কার্যালয়, ঢাকা। — সদস্য সচিব
০২। ম্যানেজার-হিসাব একত্রিকরণ শাখা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি। — সদস্য
০৩। ম্যানেজার-প্রশিক্ষণ, প্রধান কার্যালয়, ঢাকা ও সদস্য, এপিএ টিম। — সদস্য
০৪। ম্যানেজার-জনসংযোগ ও প্রশাসন, প্রধান কার্যালয়, ঢাকা। — সদস্য

৩/৪/২০২২

(শেখ খায়েরুজজামান)
সহকারী জেনারেল ম্যানেজার-উন্নয়ন এবং
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

**প্রতিলিপি:**

০১। জনাব আবু আবেদ মুহাম্মদ শোয়াইব, সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটিডি।
০২। পিএস টু এমডি; ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩। সংশ্লিষ্ট নথি।
০৪। মহানথি।

# জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

প্রধান কার্যালয় : ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন : ৯৫৫১০৯৬, পিএবিএক্স : ৯৫৫১৪১৪, ৯৫৫১৪২৩-২৪, ৯৫৫২০৪৭-৪৯, ৯৫৫৯৯৫১-২, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১৮২৫, ৮৮-০২-৯৫৫০৭৯৬

পোস্ট বক্স নং-৩৪৫, ৬২৫, জি.পি.ও ঢাকা, ই-মেইল : info @jbc.gov.bd, ওয়েব সাইট : www.jbc.gov.bd


## তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি এর ৩য় সভার হাজিরা

তারিখ: ২৯ মার্চ ২০২২, মঙ্গলবার, বেলা-১১:০০ ঘটিকা।

স্থান: জেনারেল ম্যানেজার-উন্নয়ন, গ্রুপ ও টিএ-এর অফিস কক্ষ, ৩য় তলা, প্রধান কার্যালয়, জীবন বীমা কর্পোরেশন।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে অবস্থান | স্বাক্ষর/মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জনাব আবু হেনা মোঃ মোস্তফা কামাল<br>জেনারেল ম্যানেজার-উন্নয়ন, গ্রুপ ও টিএ, প্রধান কার্যালয়, ঢাকা। | আহবায়ক | [signature] ২৯/৩/2022 |
| ২ | জনাব মোঃ ফেরদৌস আলম খান<br>ম্যানেজার-হিসাব একত্রিকরণ শাখা, প্রধান কার্যালয়, ঢাকা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি | সদস্য | [signature] ২৯/০৩/২০২২ |
| ৩ | জনাব মোঃ মাসুদুর রহমান<br>ম্যানেজার-প্রশিক্ষণ, প্রধান কার্যালয়, ঢাকা ও সদস্য, এপিএ টিম | সদস্য | [signature] ২৯.৩.2022 |
| ৪ | জনাব ইসমত আরা আহমেদ<br>ম্যানেজার-জনসংযোগ ও প্রশাসন, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য | [signature] ২৯/০৩/2022 |
| ৫ | শেখ খায়েরুজজামান<br>সহকারী জেনারেল ম্যানেজার-উন্নয়ন ও সদস্য, এপিএ টিম | সদস্য সচিব | [signature] ২৯/৩/2022 |